সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট
খাগড়াছড়ি পার্বত্য জেলা।
ফোন-০৩৭১-৬২১৪৯ ফ্যাক্স-০৩৭১৬২৬১০
website : www.knsikhagrachari.gov.bd

## জাতীয় শুদ্ধাচার কৌশল ও নৈতিকা কমিটির সভার কার্যবিবরণী

**সভাপতি: জনাব জিতেন চাকমা, উপপরিচালক (ভা:)**

**তারিখ : ২৬/০১/২০২০ খ্রি:**

**সময় : সকাল ১১.০০ ঘটিকা**

**স্থান : ইনস্টিটিউট সভা কক্ষ**

সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে **নতুন বছরের শুভেচ্ছা** এবং জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশত বার্ষিকী উপলক্ষ্যে সারা দেশ ব্যাপী আয়োজিত **"মুজিব বর্ষ"** এর শুভকামনা করে অদ্যকার সভার কাজ শুরু করেন। এ সভায় উপপরিচালক(ভা:) মহোদয় ২০১৯-২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার নির্ধারিত বিষয়সমূহ, বাস্তবায়ন ও অগ্রগতি সংক্রান্ত এবং নৈতিকতার বিষয়ে আলোপাত করেন। নিম্নে কার্যক্রমের বিষয়ে সর্বসম্মতিক্রমে গৃহীত সিদ্ধান্তসমূহ আলোচনা করা হল:

| ক্রমিক নং | আলোচ্য বিষয় | আলোচনা | সিদ্ধান্ত ও বাস্তবায়নকারী |
|---|---|---|---|
| ০১. | পূর্ববর্তী সভার কার্যবিবরণী পাঠ ও পর্যালোচনা | সভাপতি জনাব জিতেন চাকমা, উপপরিচালক(ভা:) সবাইকে শুভেচ্ছা জানিয়ে বিগত সভার কার্যকবিবরণী পাঠ করেন। সেই সাথে ২০১৯-২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল, বাস্তবায়ন ও অগ্রগতি এবং নৈতিকতা কমিটি সভার বিভিন্ন বিষয় ও বাস্তবায়ন ইত্যাদি বিষয় নিয়ে আলোকপাত করেন। | পূর্ববর্তী সভার কার্য বিবরণীতে আর কোন সংশোধন না থাকায় তা সর্বসম্মতিক্রমে অনুমোদিত হয় এবং বিগত সভার সিদ্ধান্ত মোতাবেক জাতীয় শুদ্ধাচারের অংশ হিসেবে সকল সেবা প্রতিশ্রুতি হালনাগাদকরণ, সকল প্রশিক্ষক ও কর্মকর্তাদের নিজ নিজ কক্ষের দরজার পাশে নাম, পরিচয়, ছবি ও মোবাইল নাম্বারসহ নেইম প্লেট টাঙানো; অফিস বারান্দায় ও মঞ্চে পর্যাপ্ত লাইট ও অত্র ইনস্টিটিউটের ডিজিটাল সাইন বোর্ড স্থাপন; হলরুমের দর্শক গ্যালারীর চেয়ারগুলো স্থায়ীকরণ; সাউন্ড সিস্টেম এবং লাইট অপারেটরের সুবিধার্থে কন্ট্রোলার রুম স্থাপন এবং জাতীয় শুদ্ধাচারের অংশ হিসেবে অংশীজনের অংশগ্রহণে মতবিনিময় সভা ইত্যাদি বিষয়গুলো সুস্থভাবে সম্পন্ন হওয়ায় সভাপতি জনাব জিতেন চাকমা, উপপরিচালক(ভা:) বাস্তবায়নকারী কর্মকর্তা/কর্মচারীদের ধন্যবাদ জ্ঞাপন করেন। |
| ০২. | প্রাতিষ্ঠানিক ব্যবস্থা সংক্রান্ত | ১. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৯-২০ অর্থবছরের মধ্যে এ পর্যন্ত ০২টি নৈতিকতা কমিটির সভা অনুষ্ঠিত হয়েছে বলে সভাপতি জনাব জিতেন চাকমা, উপপরিচালক(ভা:) উক্ত সভাকে অবহিত করেন। নৈতিকতা কমিটির সিদ্ধান্ত মোতাবেক অত্র ইনস্টিটিউটের সকল কর্মকর্তা/কর্মচারী স্ব স্ব দায়িত্ব নিষ্ঠার সাথে পালনের জন্য সবাইকে ধন্যবাদ | ১. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামো ২০১৯-২০ অনুযায়ী নৈতিকতা কমিটির সভার সিদ্ধান্ত বাস্তবায়নের জন্য সকলকে সজাগ ও নিষ্ঠার সাথে দায়িত্ব পালনের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নকারী:- সকল কর্মকর্তা/কর্মচারী। |

| | | | |
|---|---|---|---|
| | | জ্ঞাপন করেন। এছাড়া অফিসের আভ্যন্তরীণ নিয়ম-শৃঙ্খলা ও সেবা প্রদান প্রতিশ্রুতি নিশ্চিতকরণের লক্ষ্যে নিরলসভাবে কাজ করে যাওয়ার জন্যও উপস্থিত সকলকে নির্দেশক্রমে অনুরোধ করেন। | |
| ০৩. | দক্ষতা ও নৈতিকতা উন্নয়ন সংক্রান্ত | ১. ২০১৯-২০ অর্থবছরের নির্ধারিত পরিকল্পনা অনুযায়ী অংশীজনের অংশগ্রহণে গত ১৯ জানুয়ারী ২০২০খ্রি: একটি সভা অনুষ্ঠিত হয়েছে বলে জনাব কৌশল চাকমা, নাট্য প্রশিক্ষক, সভাকে অবহিত করেন। আর বাকী সভাগুলো ১লা জুন ২০২০ এর মধ্যে সম্পন্ন করার জন্য জনাব জিতেন চাকমা, উপপরিচালক(ভা:); জনাব অরুন শর্মা, বাদ্যযন্ত্র-তবলা, অত্র ইনস্টিটিউটকে মৌখিক নির্দেশ দেন।<br>২. এছাড়া ২০১৯-২০ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা অনুযায়ী অত্র ইনস্টিটিউটের সকল কর্মকর্তা/কর্মচারীদের অংশগ্রহণে চাকরি এবং সুশাসন সংক্রান্ত প্রশিক্ষণের বিষয়টি জনাব কৌশল চাকমা, নাট্য প্রশিক্ষক, অত্র ইনস্টিটিউট সভাকে অবহিত করলে জনাব জিতেন চাকমা, উপপরিচালক(ভা:) আগামী সপ্তাহের মধ্যে একটি আভ্যন্তরীণ প্রশিক্ষণ ব্যবস্থা করার জন্য জনাব কৌশল চাকমা, নাট্য প্রশিক্ষককে মৌখিক নির্দেশনা দেন। | ১.আগামী ফেব্রুয়ারী ২০২০খ্রি: এর মধ্যে আরো একটি সভা অনুষ্ঠিত হওয়ার সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাস্তবায়নকারী:- জনাব অরুন শর্মা, বাদ্যযন্ত্র-তবলা, অত্র ইনস্টিটিউট।<br><br>২. আগামী এক সপ্তাহের মধ্যে এ সংক্রান্ত একটি আভ্যন্তরীণ প্রশিক্ষণ গ্রহণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br><br>বাস্তবায়নকারী:- জনাব কৌশল চাকমা, নাট্য প্রশিক্ষক, অত্র ইনস্টিটিউট। |
| ০৪. | ওয়েবসাইটে সেবা বক্স হালনাগাদকরণ সংক্রান্ত | ১. সেবা সংক্রান্ত টোল ফ্রি নম্বরসমূহ স্ব স্ব তথ্য বাতায়নে দৃশ্যমানকরণ সংক্রান্ত বিষয়টি উক্ত সভায় উপস্থাপিত হলে জনাব এল্টু চাকমা, কম্পিউটার প্রশিক্ষক সভাপতি জনাব জিতেন চাকমা, উপপরিচালক(ভা:) মহোদয়কে অবহিত করেন যে- দুদুক, নারী ও শিশু নির্যাতন প্রতিরোধ, জরুরী সেবা, সরকারি তথ্য ও সেবা এবং দুর্যোগের আগাম বার্তা ইত্যাদি হটলাইনগলো অত্র ইনস্টিটিউটের ওয়েবসাইটে ইতোমধ্যে সংযুক্ত করা হয়েছে।<br>২. এছাড়া শুদ্ধাচার সেবাবক্স, তথ্য প্রকাশ নির্দেশিকা, তথ্য অধিকার সেবা বক্স এবং অভিযোগ প্রতিকার ব্যবস্থা ইত্যাদি বিষয়াদি হালনাগাদকরণ করা হয়েছে বলে জনাব এল্টু চাকমা, কম্পিউটার প্রশিক্ষক উক্ত সভাকে অবহিত করলে জনাব জিতেন চাকমা, উপপরিচালক(ভা:) মহোদয় তাকে ধন্যবাদ জ্ঞাপন করেন। | |
| ০৫. | পরিবীক্ষণ ও মূল্যায়ন সংক্রান্ত | ১. ২০১৯-২০ সালের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা মন্ত্রণালয়ে দাখিল এবং ওয়েব সাইটে আপলোডকরণ বিষয়টি উপস্থাপিত হলে জনাব কৌশল চাকমা, নাট্য প্রশিক্ষক সভাকে অবহিত করেন যে, গত ২৫-০৬-২০১৯ইং তারিখে এটি অত্র ইনস্টিটিউটের ওয়েবসাইটে আপলোড এবং মন্ত্রণালয়ে দাখিল করা হয়েছে।<br>২. এছাড়া জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ও অগ্রগতি পরিবীক্ষণ কাঠামোর ত্রৈমাসিক প্রতিবেদনটি মন্ত্রণালয়ে দাখিল এবং ওয়েবসাইটে আপলোড করা হয়নি বলে জনাব কৌশল চাকমা, নাট্য প্রশিক্ষক, সভাকে অবহিত করেন। এতে সভাপতি জনাব জিতেন চাকমা, উপপরিচালক(ভা:) মহোদয় অতিসত্তর এ ত্রৈমাসিক প্রতিবেদনটি তৈরি করে ওয়েবসাইটে আপলোড এবং মন্ত্রণালয়ে দাখিল করার জন্য জনাব কৌশল চাকমা, নাট্য প্রশিক্ষককে নির্দেশনা দেন। | ২. আগামী ০১ সপ্তাহের মধ্যে প্রতিবেদনটি তৈরি করে করে মন্ত্রণালয়ে দাখিল এবং অত্র ইনস্টিটিউটের ওয়েবসাইটে আপলোড করার জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নকারী:- জনাব কৌশল চাকমা, নাট্য প্রশিক্ষক, অত্র ইনস্টিটিউট। |
| ০৬. | বিবিধ | ১. জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনা ২০১৯-২০ অনুযায়ী দায়িত্ব বন্টন/প্রশিক্ষণ রুটিন হালনাগাদ করণ | |

| | | | |
|---|---|---|---|
| | | বিষয়ে সভায় উত্থাপিত হলে জনাব কৌশল চাকমা, নাট্য প্রশিক্ষক বলেন ইতোমধ্যে অফিসের গুতুত্বপূর্ণ স্থানে রুটিন হালনাগাদ করে স্থাপন করা হয়েছে।<br>২. বাংলাদেশ জাতীয় ডিজিটাল আর্কিটেকচার- এর ফোকাল্ট পয়েন্ট কর্মকর্তা ও বিকল্প ফোকাল্ট পয়েন্ট কর্মকর্তার বিষয়ে জনাব কৌশল চাকমা, নাট্য প্রশিক্ষক উক্ত সভাকে অবহিত করলে জনাব জিতেন চাকমা, উপপরিচালক(ভা:) মহোদয় ফোকাল্ট পয়েন্ট কর্মকর্তা হিসেবে জনাব কৌশল চাকমা, নাট্য প্রশিক্ষককে ও বিকল্প ফোকাল্ট পয়েন্ট কর্মকর্তা হিসেবে জনাব এল্টু চাকমা, কম্পিউটার প্রশিক্ষককে দ্বায়িত্ব দেন।<br>৩. এছাড়া সচিবালয় নির্দেশমালা ২০১৪ অনুযায়ী নথির শ্রেণীকরণ ও নথি বিনষ্টকরণ বিষয়টি সভায় উত্থাপিত হলে জনাব জিতেন চাকমা, উপপরিচালক(ভা:) অত্র প্রতিষ্ঠানের সমস্ত নথি শ্রেণী বিন্যাস/বিভক্ত করে বিনষ্টযোগ্য নথি নষ্টকরণের জন্য জনাব সুরজিত ত্রিপুরা, গবেষণা সহকারী কাম কম্পিউটার অপারেটরকে নির্দেশ দেন। | ৩. আগামী ১ মাসের মধ্যে সমস্ত নথি শ্রেণী বিন্যাস/বিভক্ত করে বিনষ্টযোগ্য নথি নষ্টকরণের জন্য সিদ্ধান্ত গৃহীত হয়।<br>বাস্তবায়নকারী:- জনাব সুরজিত ত্রিপুরা, গবেষণা সহকারী কাম কম্পিউটার অপারেটর, অত্র ইনস্টিটিউট। |

সভায় আর কোন আলোচনা না থাকায় জনাব জিতেন চাকমা সবাইকে ধন্যবাদ জানিয়ে অদ্যকার সভার সমাপ্তি ঘোষণা করেন।

(জিতেন চাকমা)
উপপরিচালক (ভা:)
ক্ষুদ্র নৃগোষ্ঠীর সাংস্কৃতিক ইনস্টিটিউট,
খাগড়াছড়ি পার্বত্য জেলা।

অনুলিপি ও জ্ঞাতার্থে :

১। সচিব,সংস্কৃতি বিষয়ক মন্ত্রণালয়,ঢাকা।
২।মাননীয় চেয়ারম্যান,পার্বত্য জেলা পরিষদ,খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৩।জেলা প্রশাসক, খাগড়াছড়ি পার্বত্য জেলা।
৪। অফিস নথি/ ওয়েব সাইটে প্রকাশের জন্য।